**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশনায় রাজ্যের সার্বিক উন্নয়নের জন্য রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে|**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, দেশের যুবসমসজ শক্তিশালী ও সমৃদ্ধ দেশ গড়ার অন্যতম চালিকাশক্তি।**

**(৩) অর্থমন্ত্রী** প্রণজিৎ **সিংহ রায় আজ উদয়পুরের উত্তর মহারানীতে গোমতি নদীর তীরে তিনদিন ব্যাপী জল** উৎসবের **সূচনা করেন।**

**(৪) বঙ্গোপসাগরে নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যে দিনের তাপমাত্রা বেড়ে গেছে|**

*****************************************************

**CM- NORTH TRIPURA:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশনায় রাজ্যের সার্বিক উন্নয়নের জন্য রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে| বিজেপির কাঞ্চনপুর মন্ডলের উদ্যোগে আইএসবিটি প্রাঙ্গণে আজ এক জনসভায় তিনি একথা বলেন| রাজ্যের বর্তমান আইন শৃঙ্খলা নিয়ে তিনি সন্তোষ প্রকাশ করেন| শিক্ষা, স্বাস্থ্য, কৃষি সহ বিভিন্ন ক্ষেত্রে পরিকাঠামোর উন্নয়নে রাজ্য সরকারের গৃহিত পদক্ষেপ সম্পর্কে মুখ্যমন্ত্রী বিস্তারিত উল্লেখ করেন| সভায় উপস্থিত ছিলেন মন্ত্রী টিংকু রায়, বিকাশ দেববর্মা ও শান্তনা চাকমা, বিধায়ক

যাদব লাল নাথ, প্রাক্তন সাংসদ রেবতী ত্রিপুরা ও বিজেপির উত্তর জেলা সভাপতি কাজল দাস| উল্লেখ্য, দুদিনের উত্তর জেলা সফরে মুখ্যমন্ত্রী আজ দুপুরে কাঞ্চনপুরে এসে পৌঁছান। এরপর মুখ্যমন্ত্রী দামছড়া মোটর স্ট্যান্ডে এক সভায় বক্তব্য রাখেন| তিনি দামছড়ার নরেন্দ্রনাথের চরাই উৎসবে যোগ দেন| অনুষ্ঠান শেষে মুখ্যমন্ত্রী চলে আসেন ধর্মনগরে। মুখ্যমন্ত্রী আগামীকাল ধর্মনগরে বিজেপির উত্তর জেলা কার্যালয়ে এক সাংগঠনিক সভায় যোগ দেবেন।

***************************

**Mayor:**

আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে আয়োজিত স্বদেশী মেলার সময়সীমা তিন দিনের পরিবর্তে পাঁচ দিন করা হয়েছে। এরফলে মেলা চলবে আগামী ১৩ জানুয়ারী পর্যন্ত| আজ মেলা প্রাঙ্গণে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। তিনি বলেন, স্বদেশী দ্রব্যাদি ব্যবহার ও উৎসাহ প্রদানের জন্য প্রধানমন্ত্রীর ‘ভোকাল ফর লোকালের’ যে আহ্বান রেখেছেন তারই অঙ্গ হিসাবে আগরতলা পুর নিগম রাজ্যে প্রথম স্বদেশী মেলার আয়োজন করে ।মেলায় ৪০টি স্টলের মধ্যে ৩২ টি সরকারি স্টল। স্বসহায়ক গোষ্ঠীর সদস্যরাও তাদের উৎপাদিত সামগ্রী নিয়ে এই মেলায় হাজির হয়েছেন|

***************************

**PM- Young Leaders:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, দেশের যুবসমাজ শক্তিশালী ও সমৃদ্ধ দেশ গড়ার অন্যতম চালিকাশক্তি। সামাজিক মাধ্যমে আজ এক বার্তায় শ্রী মোদি বিকশিত ভারত তরুণ নেতৃত্বদের সংলাপে দেশের যুবকদের সাথে মিলিত হওয়ার আগ্রহ প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী বলেন, বিকশিত ভারত ইয়ং লিডার্স

সংলাপটি দেশজুড়ে তরুণ নেতাদের ধারণা, আকাঙ্ক্ষা ভাগ করে নেওয়ার এবং বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গিতে অবদান রাখার জন্য একটি মঞ্চ হিসেবে কাজ করবে। এক্স-এ কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডভিয়ার একটি পোস্টের প্রতিক্রিয়ায় প্রধানমন্ত্রী শ্রী মোদী লেখেন, →আমাদের যুব শক্তি, অপরিসীম উৎসাহ ও অতুলনীয় আবেগে পরিপূর্ণ।

প্রধানমন্ত্রী শ্রী মোদী আগামি সোমবার নতুন দিল্লিতে স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত Viksit Bharat Young Leaders Dialogue ২০২৬-এর সমাপ্তি অধিবেশনে অংশ নেবেন। কর্মসূচি চলাকালে প্রধানমন্ত্রী আন্তর্জাতিক প্রতিনিধিসহ সারা দেশের তিন হাজার তরুণের সঙ্গে মতবিনিময় করবেন।

***************************

**Jal Utsab:**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরের উত্তর মহারানীতে গোমতি নদীর তীরে তিনদিন ব্যাপী জল উৎসবের সূচনা করেন। তিনি বলেন, জলকে নিয়ে যাদের জীবন, বিশেষ করে মৎস্য চাষী ও জেলে, তাদের প্রাচীন ঐতিহ্যকে তুলে ধরার লক্ষ্যে এই জল উৎসব।

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং মাতাবাড়ি ব্লকের যৌথ উদ্যোগে আয়োজিত এই উৎসবের উদ্ভোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের ভাধিপতি দেবল দেব রায়, বিধায়ক অভিষেক দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার ও মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শিল্পী রানী দাস প্রমুখ।

***************************

**Bio Village:**

খোয়াই জেলার তুলাশিখর ব্লকের পূর্ব বাদলা বাড়ী, পূর্ব বাচাই বাড়ি এবং রাজনগর এই তিনটি এডিসি গ্রামকে আজ বায়ো ভিলেজ ২.0 প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে।এ উপলক্ষে তুলাশিখর ব্লকের সীতেশ স্মৃতি কমিউনিটি হলে বায়ো টেকনোলজি দপ্তর আয়োজিত অনুষ্ঠানে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা এই তিনটি বায়োভিলেজের পরিকাঠামো গড়ে তোলার জন্য ২১0 জন সুবিধাভোগীর হাতে ৬ লক্ষ ৩0 হাজার টাকার চেক তুলে দেওয়া হয়| তাছাড়া এই অনুষ্ঠানে তিনটি বায়ো ভিলেজকে ইলেকট্রনিক্স সামগ্রী, মাছের খাবার, মাশরুম বীজ ইত্যাদি প্রদান করা হয়।

***************************

**Package Story:**

গ্রামীণ ভারতের উন্নয়নে এক নতুন রূপ দিতে চলেছে বিকশিত ভারত–জি রাম জি আইন, ২০২৫। যা গ্রামীণ মানুষের জীবন ও জীবিকায় গুরুত্বপূর্ণ *পরিবর্তন আনতে চলেছে, একটি প্রতিবেদন.....

########## V/O ##########

***************************

**Pilak Festival:**

দক্ষিণ জেলার জোলাইবাড়ির পশ্চিম পিলাক দ্বাদশ স্কুলে অনুষ্ঠিত পিলাক প্রত্ন ও পর্যটন উৎসব সরকারীভাবে গতকাল শেষ হলেও আজও দিনভর চলে কেনাবেচা৷ গতকাল রাতে উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে জোলাইবাড়ি কৃষি মহকুমার উদ্যোগে আয়োজিত কৃষকদের উৎপাদিত সামগ্রীর প্রতিযোগিতামূলক প্রদর্শনীতে পুরস্কার প্রাপ্ত কৃষকদের পুরস্কৃত করা হয়।

***************************

**Administrative Rade– Belonia:**

বিলোনিয়া মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ বিলোনিয়া পুর পরিষদ এলাকা ও রাজনগর ব্লকের রাধানগর বাজারে প্রশাসনিক অভিযান চালিয়ে ৭৫ কেজি পলিব্যাগ উদ্ধার এবং ১৩ জন ব্যবসায়ী ও ৪ জন পলিব্যাগ ব্যবহারকারীর কাছ থেকে সাত হাজার টাকা জরিমানা আদায় করা হয়। বিলোনিয়া মহকুমা ডিসিএম সঞ্জয় শীল এ খবর জানিয়েছেন|

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***************************

**PM-Somnath:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সোমনাথ পৌঁছেছেন। সোমনাথ স্বাভিমান পর্বে তাঁর যোগদানের কথা রয়েছে। প্রধানমন্ত্রী মন্দির প্রাঙ্গণে 'ওঁকার জপ'-এ অংশ নেবেন। প্রার্থনার পর, প্রভাস পাটনের আকাশে একটি মনোমুগ্ধকর ড্রোন শো অনুষ্ঠিত হবে।

আগামীকাল, প্রধানমন্ত্রীর শৌর্য যাত্রায় অংশগ্রহণ এবং সোমনাথ মহাদেবের পূজা করার কথা রয়েছে। এরপর, তিনি আগামীকাল সোমনাথে একটি অনুষ্ঠানে ভাষণ দেবেন। এরপর তিনি ভাইব্র্যান্ট গুজরাট আঞ্চলিক সম্মেলনের উদ্বোধন করতে রাজকোটে যাবেন।

***************************

**Vivekananda Janmajayanti:**

আগরতলা শহর দক্ষিণাঞ্চলের স্বামী বিবেকানন্দ ক্লাবের উদ্যোগে তিন দিন ব্যাপী স্বামী বিবেকানন্দ জন্মজয়ন্তী অনুষ্ঠান আজ থেকে শুরু হয়েছে। সকালে পতাকা উত্তোলনের পর বিকালে ক্যারাটে প্রতিযোগিতা হয়। সন্ধ্যায় হয় উদ্বোধনী অনুষ্ঠান। রবিবার সকালে মেগা স্বাস্থ্য শিবির সহ তিনদিন বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা হবে।

***************************

**Home Minister:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জোর দিয়ে বলেছেন, বিশ্বশক্তি হওয়ার জন্য আত্মনির্ভরতা গুরুত্বপূর্ণ। আজ যোধপুরে মহেশ্বরী সম্প্রদায়ের জাতীয় সম্মেলনে তিনি একথা বলেন। শ্রী শাহ বলেন, দেশীয় পণ্যের ব্যবহার দেশকে স্বয়ংসম্পূর্ণ ও স্বনির্ভর করে তুলবে। তিনি মাতৃভাষা প্রচারের উপরেও জোর দেন।

***************************

**Vikshit-Bharat-Young Leaders:**

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডভিয়া আজ নতুন দিল্লিতে 'বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৬'-এর উদ্বোধন করেন| উদ্বোধনী ভাষণে তিনি বলেন, দেশের ভবিষ্যৎ গঠনে যুবসমাজের গুরুত্বপূর্ণ ভূমিকা

অপরিহার্য। ইয়ং লিডার্স ডায়ালগ তরুণ নেতাদের প্রযুক্তি, উদ্যোক্তা, শাসনব্যবস্থা, স্থায়িত্ব এবং সামাজিক উন্নয়নের মতো ক্ষেত্রগুলিতে সমাধান প্রদানে অবদান রাখতে উৎসাহিত করে। তিনি বলেন, ২০৪৭ সালের মধ্যে একটি বিকশিত ভারত গড়ার জন্য যুবসমাজের প্রতিভা ও সৃজনশীলতা চিহ্নিত করার একটি প্রক্রিয়া হলো এই সংলাপ। এই প্ল্যাটফর্মটি দেশ গঠনে তরুণদের সক্রিয়ভাবে যুক্ত করার ক্ষেত্রে সরকারের প্রতিশ্রুতির প্রতিফলন।

***************************

**Finance Minister:**

বাজেট-পূর্ব কার্যক্রমের অংশ হিসেবে, কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ নতুনদিল্লিতে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের অর্থমন্ত্রীদের সঙ্গে একটি বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠকে অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী এবং মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।সংসদের বাজেট অধিবেশন এই মাসের ২৮ তারিখে শুরু হওয়ার কথা রয়েছে।

***************************

**Central Education Minister:**

পরীক্ষা পে চর্চা'য় গত বছরের ৩ কোটি ৫0 লক্ষের বেশি নিবন্ধনের গিনেস রেকর্ড ছাড়িয়ে, চলতি বছরে ইতিমধ্যেই ↵ কোটিরও বেশি অনলাইন অংশগ্রহণকারী নিবন্ধন করেছেন। সামাজিক মাধ্যমে, কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ বলেছেন, পরীক্ষা পে চর্চা দেশব্যাপী আন্দোলনে পরিণত হয়েছে, যার লক্ষ্য যুবদের জন্য একটি চাপমুক্ত পরিবেশ তৈরি করা।

***************************

**Tripura Bar Association:**

ত্রিপুরা বার অ্যাসোসিয়েশনের দুদিনের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে ।এমবিবি কলেজ মাঠে প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন বিচারপতি তথা রাজ্য মানবাধিকার কমিশনের চেয়ারপারসন অরিন্দম লোধ, পশ্চিম জেলার সি জে এম সৈকত দাস প্রমূখ। বার অ্যাসোসিয়েশনের সম্পাদক কৌশিক ইন্দু জানান, আজ ছেলেদের ক্রিকেট ও মেয়েদের কয়েকটি খেলা হয়েছে। আগামীকাল ক্রিকেটের ফাইনাল সহ মেয়েদের ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হবে।

***************************

**Weather:**

বঙ্গোপসাগরে নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যে দিনের তাপমাত্রা বেড়ে গেছে। আবহাওয়া দপ্তর থেকে বলা হয়েছে নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাব কেটে গেলে দিনের তাপমাত্রা পুনরায় কিছুটা হ্রাস পাবে। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন *১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

***************************

***************************